01.07.25

# Delhi Public School, Howrah

**PERIODIC TEST-I (2025-2026)**

**Class- XII**

*Care must be taken not to write anything on the question paper. All the questions must be attempted in the correct sequence.*

**Subject:- BENGALI (105)**

**Time:-3 HOURS** **F.M.-80**

SECTION – A (READING)

PART- A

1. **নিম্নলিখিত অনুচ্ছেদগুলি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখো :** (2×5=10)

A. পাশ থেকে দিল্লী প্রবাসী বাঙালি হঠাৎ প্রশ্ন করলেন, খাঁ সাহেব, আপনি দিল্লিতে বাজান না কেন? আবার মুখে সেই প্রসন্ন হাসি। কিন্তু পান চিবানো ঠোঁটের ফাঁকে এবং প্রশস্ত কপালে একটুখানি যেন বিদ্রুপের ছায়া।

-বাজাই না, কারণ বাজনা শোনার সমঝদার লোকের অভাব, তাই। দিল্লি থেকে মাঝে মাঝে ডাক যে আসে না তা নয়। সাড়া জাগে না মনে। কিন্তু কলকাতা থেকে ডাক এলেই যে ছুটে যাই তার কারণ কলকাতার মানুষ গান বাজনার সত্যিকারের সমঝদার। অনেক রকম রাজনীতির ঝড়, গন্ডগোল ঘটে গেছে তবু কলকাতার মানুষ গান-বাজনাকে ভালোবাসতে ভোলেনি। একবার কি হয়েছিল বলি। মোরাদাবাদের একজন নামজাদা শিল্পী, তবলায় খুব গুণী আর্টিস্ট, কলকাতায় এসেছেন। ঘরোয়া একটা অনুষ্ঠান ডেকেছি। হাজার খানেক টাকাও তুলেছি দু-চার টাকা টিকিট বেচে। অনুষ্ঠানের দিন সেই শিল্পী হঠাৎ মন্তব্য করে বসলেন, কলকাতার আদমিরা বে-রস। গানবাজনার তালিম পাওয়া লোকজন সংখ্যায় বড় কম। কথাটা বুকে বাজল। আমার একটা বদ অভ্যাস আছে। আমি গ্রিনরুমে কথা বলি না। স্টেজে বলি। সেদিন করলাম কি, অনুষ্ঠানের আগে স্টেজে উঠে সেই শিল্পীকে বললাম, আসুন আপনার সঙ্গে কলকাতার কিছু ছোটখাটো আর্টিস্টের আলাপ করিয়ে দিই। এরা সব খুবই 'ক্ষুদ্র শিল্পী'। এই বলে জ্ঞানবাবুকে হাত ধরে হির হির করে স্টেজে বসিয়ে দিয়ে বললুম, বাজান তো ঘোষ সাহেব। তারপর ঘোষ সাহেবের আধঘন্টার বাজনা শুনে, সেই শিল্পী তো লজ্জায় লাল। কর্নার থেকে হাত-সাতেক দূরে বাক্সবন্দী হয়ে পড়ে আছে একটা লম্বা সেতার। কফি পান শেষ। দুই শিল্পী ঘুরে তাকালেন বিমানবন্দরের দিকে। তখনও কুয়াশা কাটেনি। গান থেকে আলোচনা ফিরে এলো যানবাহনের সমস্যায়। যিনি রাজস্থান থেকে ফিরছেন তিনি বললেন, এরকম কিছুদিন চললে সব তো থেমে যাবে।এই জের টেনে, যিনি সেতারী, বললেন, আর বলেন কেন। দেরাদুন থেকে দিল্লি এলাম, পেট্রোল খরচ আগের চেয়ে চারগুণ বেশি। হঠাৎ রোদের ঝলকে ধূসর বিমানবন্দর রূপালী হয়ে উঠল, ঘুরে তাকালেন সেই রোদের দিকে।

যাক রোদ উঠলো তাহলে। ওরা দুজন এগিয়ে গেলেন নিজেদের বিশ্রামের আসনের দিকে। মাইক কথা বলে উঠলো। বিমানবন্দরে অপেক্ষমান এই দুই যাত্রীর একজন সত্যজিৎ রায়, আরেকজন ওস্তাদ বিলায়েত খাঁ।

I. ওস্তাদ বিলায়েত খাঁ দিল্লিতে তেমন অনুষ্ঠান করেন না কেন?

A. দিল্লিতে শিল্পীদের পারিশ্রমিক কম দেওয়া হয় B. দিল্লিতে শ্রোতার সংখ্যা কম

C. দিল্লিতে গান-বাজনা বোঝে এমন মানুষের অভাব

D. দিল্লিতে ভালো মঞ্চের অভাব

II. ওস্তাদ খাঁ সাহেব কলকাতাকে কেন বেশি প্রাধান্য দেন?

A. কলকাতায় রাজনীতি কম

B. কলকাতার মানুষ শিল্প ও সঙ্গীতের প্রকৃত সমঝদার

C. কলকাতায় তার আত্মীয়স্বজন থাকে

D. কলকাতার জলবায়ু ভালো

III. 'আমি গ্রিনরুমে কথা বলি না, স্টেজে বলি'—এই উক্তির মাধ্যমে বক্তার কোন স্বভাবটি ফুটে ওঠে?

A. নির্লিপ্ততা

B. কৌশলী ব্যঙ্গ

C. সরাসরি প্রতিবাদী মনোভাব

D. রসবোধ

IV. কলকাতার শ্রোতাদের নিয়ে শিল্পীর নেতিবাচক মন্তব্যের কেমন প্রতিক্রিয়া দেখা গেল?

A. শিল্পীর প্রশংসা করা হলো

B. শ্রোতারা চুপ করে থাকলেন

C. একজন স্থানীয় শিল্পীর বাজনার মাধ্যমে যোগ্য জবাব দেওয়া হলো

D. শিল্পীকে অনুষ্ঠান থেকে বাদ দেওয়া হলো

v. হঠাৎ রোদের ঝলকে ধূসর বিমানবন্দর রূপালী হয়ে উঠল, ঘুরে তাকালেন সেই রোদের দিকে।– সাধু ভাষায় রূপান্তরিত করলে হবে-

A. হঠাৎ রোদের ঝলকে ধূসর বিমানবন্দর রূপালী হয়ে উঠিল, ঘুরিয়া তাকালেন সেই রোদের দিকে।

B. অকস্মাৎ রোদের ঝলকে ধূসর বিমানবন্দর রূপালী হইয়া উঠিল, ঘুরিয়া তাকাইলেন সেই রোদের দিকে।

C. অকস্মাৎ রোদের ঝলকে ধূসর বিমানবন্দর রূপালী হইয়ে উঠল, ঘুরে তাকালেন সেই রোদের দিকে।

D. অকস্মাৎ রোদের ঝলকে ধূসর বিমানবন্দর রূপালী হইয়া উঠল, ঘুরিয়া তাকালেন সেই রোদের দিকে।

**B.** বাংলার ঐতিহ্য হাজার বছরের পুরোনো। এ অঞ্চলের লোকসংস্কৃতি, পোশাক, খাদ্যাভ্যাস, ধর্মীয় উৎসব এবং শিল্পকলা আমাদের ইতিহাস ও জীবনধারার সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িত। বাংলার পটচিত্র, মৃৎশিল্প, বাউল গান কিংবা পৌষমেলা শুধু বিনোদন নয়, আমাদের সাংস্কৃতিক পরিচয়ের প্রতিফলন। গ্রামবাংলার হাটবাজার, নদীকেন্দ্রিক জীবন ও ঋতুভিত্তিক উৎসবগুলো আজও আমাদের সামাজিক জীবনে গভীর প্রভাব ফেলে। যুগের পরিবর্তনে আজকের তরুণ প্রজন্ম পাশ্চাত্য সংস্কৃতির দিকে ঝুঁকে পড়লেও, বাংলার নিজস্ব ঐতিহ্য তার আবেদন আজও ধরে রেখেছে। অনেক শিক্ষাপ্রতিষ্ঠানে লোকসংস্কৃতি চর্চা, পোশাক ও খাদ্যের মাধ্যমে ঐতিহ্যকে নতুনভাবে তুলে ধরা হচ্ছে। ঐতিহ্যের রক্ষায় আমাদের সক্রিয় ভূমিকা গ্রহণ করা প্রয়োজন, কারণ জাতির অস্তিত্ব টিকিয়ে রাখতে হলে তার শেকড়কে মজবুত করতে হয়। বাংলার ঐতিহ্যকে মর্যাদার সঙ্গে ধারণ করাই আমাদের ভবিষ্যৎ প্রজন্মের প্রতি দায়িত্ব।

I. মন্তব্য: বাংলার ঐতিহ্য আজ বিলুপ্তির পথে।

কারণ: তরুণ প্রজন্ম পশ্চিমা সংস্কৃতির প্রতি বেশি আকৃষ্ট হচ্ছে।

A. মন্তব্য ও কারণ উভয়ই সঠিক এবং কারণ, মন্তব্যের যথাযথ ব্যাখ্যা।

B. মন্তব্য ও কারণ উভয়ই সঠিক, কিন্তু কারণটি মন্তব্যের সঠিক ব্যাখ্যা নয়।

C. মন্তব্য সঠিক, কিন্তু কারণ ভুল।

D. মন্তব্য ভুল, কিন্তু কারণ সঠিক।

II. অনুচ্ছেদে বলা হয়েছে, বাংলার ঐতিহ্য আমাদের পরিচয়ের প্রতিফলন। নিচের কোন কাজটি ঐতিহ্য সংরক্ষণের বাস্তব উদাহরণ হতে পারে?

A. পাশ্চাত্য ফ্যাশনের অনুসরণ
B. শহরের ব্যস্ত জীবন বেছে নেওয়া
C. লোকসংস্কৃতি বিষয়ক উৎসবে অংশগ্রহণ
D. বিদেশি ফাস্ট ফুড প্রচার

III. বাংলার ঐতিহ্য রক্ষায় শিক্ষাপ্রতিষ্ঠানের ভূমিকা কীভাবে গুরুত্বপূর্ণ হতে পারে?

A. শিক্ষার্থীদের শুধুই পাঠ্যপুস্তক মুখস্থ করানো
B. বিদেশি ভাষা শেখানো
C. ঐতিহ্যবাহী পোশাক ও খাদ্যের উপস্থাপন
D. আধুনিক প্রযুক্তি শেখানোর উপর জোর

IV. অনুচ্ছেদ অনুযায়ী বাংলার উৎসবগুলি কিসের সঙ্গে গভীরভাবে সম্পর্কিত?

A. বিদেশি সংস্কৃতির
B. প্রাচীন মিশরীয় সভ্যতার
C. ঋতুভিত্তিক জীবনধারার
D. রাজনৈতিক আন্দোলনের

v. 'খাদ্যাভ্যাস'- শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে হবে-

A. খাদ্যা + আভাস    B. খাদ + আভাস    C. খাদ্য+ অভ্যাস    D. খাদ্য + আভ্যাস

## SECTION-B(GRAMMAR)

**2. যেকোনো পাঁচটি বাগধারা বা প্রবাদের সঠিক উত্তর বেছে লেখ:** (5×1=5)

I. এলোমেলো বা বিশৃঙ্খল বোঝাতে নীচের কোন্ বাগধারাটি প্রয়োগ করা হবে?

A. অলীক কল্পনা
B. গড্ডালিকা প্রবাহ
C. হ-য-ব-র-ল
D. বজ্র আঁটুনি ফস্কা গেরো

II. নীচের কোন বাক্যটিতে 'গৌরচন্দ্রিকা' বাগধারাটির সঠিক প্রয়োগ হয়েছে?

A. আর গৌরচন্দ্রিকা না করে, তোমার আসল মতলবটি বলে ফেলো।
B. মথুরায় না গেলে গৌরচন্দ্রিকা দেখতে পাবে না।
C. গায়ের রং কালো হলেও মেয়েটির মুখটি গৌরচন্দ্রিকার মতো সুন্দর।
D. আমি গৌরচন্দ্রিকা নই যে তোমায় কথা মতো চলব।

III. 'অমাবস্যার চাঁদ' বাগধারাটির অর্থ কী?

A. অদৃশ্য বস্তু
B. নানা গুণী ব্যক্তির সমাবেশ
C. দুর্লভ ব্যক্তি বা বস্তু
D. প্রহসন

IV. "জলে বাস করে কুমিরের সাথে বিবাদ করা"- প্রবচনটি কোন বাক্যে সঠিক প্রয়োগ হয়েছে?

A. অফিসে বড়বাবুর মুখে মুখে তর্ক করা জলে বাস করে কুমিরের সাথে বিবাদ করার মতোই।
B. পরের জিনিস হারিয়ে অকারণে জলে বাস করে কুমিরের সাথে বিবাদ হল।
C. যেই আমরা হামলা করেছি অমনি সে জলে বাস করে কুমিরের সাথে বিবাদ করল মামলা জেতার জন্য।
D. ভাষা ভালোভাবে শিখতে হলে জলে বাস করে কুমিরের সাথে বিবাদ করতে হবে।

V. ঠুনকো বন্ধুত্ব স্বার্থের সামান্য আঘাতেই ______________ মতো ভেঙে যায়।

A. সুখের পায়রার মতো    B. শাঁখের করাতের    C. ছাই চাপা আগুনের    D. তাসের ঘরের

VI. 'চালাক বা যার অনেক বুদ্ধি আছে' বলতে কোন বাগধারাটি প্রয়োগ করা হবে?

A. অকালকুষ্মাণ্ড B. গভীর জলের মাছ C. রাঘব বোয়াল D. চাঁদের হাট

VII. বড়ো বড়ো চাকরিতে উঁচুতলার কিছু _________________ লোক আছে, যাদের সাথে কেউ পেরে ওঠে না।

A. ইঁচড়ে পাকা B. অকালকুষ্মাণ্ড C. রাঘব বোয়াল D. মাটির মানুষ

SECTION-C (MAIN COURSE BOOK )

**3. পাঠ্য নাটক থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লেখো: (যে কোনো পাঁচটি)** (5×1=5)

I. "থিয়েটারের দেয়ালে দেয়ালে অঙ্গারের গভীর কালো অক্ষরে লেখা, আমার জীবনের _____ বছর কালীনাথ।" – শূন্যস্থানে সঠিক শব্দ বসাও।

A. পঁয়তাল্লিশটা B. চৌদ্দটা C. চুয়ান্নটা D. ছাপ্পান্নটা

II. 'স্বর্গ, মর্ত্যে নেমে আসুক।'- কীভাবে স্বর্গ মর্ত্যে নেমে আসবে বলে সুজা মনে করেছেন?

A. পিয়ারাবানুর অপরূপ সংগীতের মূর্চ্ছনায়। B. পিয়ারাবানুর অপরূপ সংগীতে।

C. পিয়ারাবানুর মধুর হাসির মহিমায়। D. পিয়ারাবানুর সৌন্দর্যের বিচ্ছুরণে।

III. রজনীকান্ত 'আবোলতাবোল' সব পার্ট' করতে শুরু করেছিলেন –

A. প্রেমে ব্যর্থ হবার পর। B. অতিরিক্ত অর্থের আকাঙ্ক্ষায়।

C. জীবনের প্রতি বিতৃষ্ণায়। D. থিয়েটারের প্রতি বিরক্তির কারণে।

IV. "যা করেছি – ধর্মের জন্য" – আলোচ্যমান উক্তিটির মধ্যে দিয়ে বক্তার চরিত্রের যে দিকটি ফুটে উঠেছে –

A. সরলতার দিক B. কপটতার দিক C. স্বার্থপরতার দিক D. ধর্মীয় ভাবনার দিক

V. রজনীকান্তের চাকরি ছেড়ে দেওয়ার একমাত্র কারণ ছিল –

A. প্রেমিকার আবদার তাই। B. নাটক করে জীবন কাটাবেন তাই।

C. ব্যবসা করবেন তাই। D. চাকরি ভালো লাগতো না তাই।

VI. নাট্যাংশের শেষে 'Life's but a walking shadow' – উক্তিটির মধ্যে দিয়ে রজনীকান্ত বোঝাতে চেয়েছেন-

A. একজন অভিনেতা হিসাবে তাঁর জীবন এখন দর্শকদের হাতে।

B. একজন অভিনেতা হিসাবে তাঁর জীবন এখন দর্শকদের হাতের পুতুল।

C. একজন অভিনেতা হিসাবে তাঁর অভিনয় এখন কালীনাথের প্রশংসার উপর দাঁড়িয়ে।

D. একজন অভিনেতা হিসাবে তাঁর জীবন এখন চলমান ছায়ায় পরিণত।

**4. পাঠ্য সহায়ক পাঠ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ (যেকোনো পাঁচটি)** (5×1=5)

I. সোমেশ্বরী নদীর স্রোতের প্রকৃতি কেমন?

A. কুমিরের দাঁতের মতো B. হাঙরের শিকার ধরার মতো

C. হাতির তাড়া করার মতো D. ডলফিনের সাঁতার কাটার মতো।

II. মন্তব্য- চটে যেয়ো না যেন।

কারণ ক)- বাঙাল শুনে চটে গেলে ও অঞ্চলের মানুষেরা সব লুট করে নেয়।

কারণ খ)- ও অঞ্চলে বাঙালিকে সবাই বাঙাল বলে।

A. কারণ ক ঠিক, কারণ খ ভুল
B. কারণ ক ও খ দুটিই ঠিক
C. কারণ ক ভুল, কারণ খ ঠিক
D. কারণ ক ও খ দুটিই ভুল

III. 'হাজং' কথার অর্থ হল-

A.চাষি B. পোকা C. উৎসব D. জাতি

IV. "সেখানে...আমরা লুকোচুরি খেলতাম"- কোথায় লুকোচুরি খেলার কথা বলা হয়েছে?

A.আলুর খেতে B. ভুট্টার খেতে C. সর্ষের খেতে D. ধানের খেতে

V. হাজংরা তামাককে টামাক বলে কেন?

A. তাদের ভাষায় তামাককে টামাক বলা হয় ।

B. তারা ইংরেজদের কাছ থেকে এই ভাষা রপ্ত করেছে।

C. তারা 'ত' কে 'ট' উচ্চারণ করে।

D. উপরের কোনটিই ঠিক নয়।

VI. পাহাড়ের নীচের বাসিন্দাদের কাজ হল-

A.পশু শিকার করা
B. হালবলদ নিয়ে চাষ করা
C. মাছ ধরা
D. গাঁতায় চাষ করা

VII. গারোরা মাচায় ঘর বাঁধে কেন?

A. আরামে থাকবে বলে
B. বন্য জন্তু জানোয়ারদের ভয়ে
C.প্রচলিত রীতি অনুসারে
D. যুদ্ধজয়ের জন্য

PART-B: DESCRIPTIVE TYPE QUESTION

SECTION-A (GRAMMAR-SUBJECTIVE)

**5. শব্দবিজ্ঞানের নিম্নলিখিত সূত্রগুলির যেকোনো দুটির দুটি উদাহরণসহ সংজ্ঞা লেখ।** (4+4=8)

A. অর্থের প্রসারণ অথবা অর্থের সম্প্রসারণ

B. অর্থের রূপান্তর অথবা অর্থের উৎকর্ষ

SECTION-C (MAIN COURSE BOOK)

6. "অথচ নিখিল প্রশ্ন করলে সে জবাবে বলল অন্য কথা।" –সে জবাবে কোন্ কথা বলেছিল? (2)

7. "ওটা পাশবিক স্বার্থপরতা"–কার কোন কাজকে পাশবিক স্বার্থপরতার সাথে তুলনা করা হয়েছে? (2)

8. "এখন সেটা বন্ধ করে দিয়েছে।"–কে, কী বন্ধ করে দিয়েছে ? তার সে কাজ বন্ধ করার কারণ কী? (1+2)

অথবা

"তারপর মৃত্যুঞ্জয়ের গা থেকে ধূলিমলিন সিল্কের জামা অদৃশ্য হয়ে যায়।"- মৃত্যুঞ্জয়ের পোশাক ও চালচলনে কী পরিবর্তন হয়েছিল? পোশাক ও চালচলনের এই পরিবর্তনের মধ্যে দিয়ে তার মানসিকতার কোন্ দিক ফুটে উঠেছে?

9. "তা হোক্, আমায় কিছু একটা করতেই হবে। রাতে ঘুম হয় না,খেতে বসলে খেতে পারি না।"– কথাগুলি কে কাকে কখন বলেছিল? মানুষের জীবনযন্ত্রণার যে দিকগুলি লেখক আলোচ্য গল্পটি অবলম্বনে বলতে চেয়েছেন বলে তুমি মনে কর, তা তোমার নিজের ভাষায় লেখ। (2+3=5)

**10. প্রসঙ্গসহ তাৎপর্য ব্যাখ্যা লেখ:** (5)

রূপ-নারানের কূলে
জেগে উঠিলাম,
জানিলাম এ জগৎ

স্বপ্ন নয়।

অথবা

সত্য যে কঠিন

কঠিনেরে ভালবাসিলাম,

সে কখনো করে না বঞ্চনা।

11. 'শহরের অসুখ হাঁ করে কেবল সবুজ খায়'।- এর মধ্যে দিয়ে কবির কোন্ অভিপ্রায় ব্যক্ত হয়েছে? (3)

12. 'কিন্তু যা গেল, সে কি আর ফিরবে?'- রজনীকান্তের এই উক্তির তাৎপর্য কী? (3)

13. 'জানো কালীনাথ, পৃথিবীতে আমি একা।' – বক্তা তাঁর এই একাকীত্বের সাথে কার তুলনা করেছেন? বক্তা কেন নিজেকে একা ভাবছেন? (2+3=5)

14. 'কিন্তু হাতিবেগার আর চলল না'- কার লেখা কোন রচনার অংশ? হাতিবেগার আইন কী?

অথবা (2+3=5)

'কিন্তু মাঠ থেকে যা তোলে, তাঁর সবটা ঘরে থাকে না।'- মাঠ থেকে যা তোলে তার সবটা কেন ঘরে থাকত না? তাদের অশান্তির কারণ বর্ণনা কর।

15. রাবণের চিতা কী? (2)

## SECTION-D (CREATIVE WRITING)

16. তোমার মা একটি কেক তৈরি শেখানোর ক্লাস শুরু করবেন। এই বিষয়ে একটি বিজ্ঞাপন তৈরি কর। (৫০টি শব্দের মধ্যে)

অথবা (12)

পাহাড়ি এলাকায় একটি হোটেলের বিজ্ঞাপন তৈরি কর। (৫০টি শব্দের মধ্যে)